

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
সওজ গেজেটেড সংস্থাপন শাখা
[website : moc.gov.bd](http://www.moc.gov.bd)


নং- ৩৫.০২২.০১৫.০০.০০.০১৪.১৯৯০-৫৯৬

তারিখ : ৩১/০৭/২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় : কৈফিয়ত তলব সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে ঘরে ফেরা মানুষের যাতায়াত নির্বিঘ্ন রাখার অভিপ্রায়ে পূর্বসূচি অনুযায়ী ২৯/০৭/২০১৪ তারিখ হতে আজ ৩১/০৭/২০১৪ তারিখ পর্যন্ত যোগাযোগ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক পরিদর্শন করেন। ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ প্রকল্প চলমান থাকায় দেশের গুরুত্বপূর্ণ এ মহাসড়কের অবস্থা সরেজমিন পরিদর্শনের সময় প্রকল্প পরিচালক হিসেবে মাননীয় মন্ত্রীর পরিদর্শনকালে সংশ্লিষ্ট এলাকায় আপনি উপস্থিত ছিলেন না। আপনার প্রকল্পভুক্ত এলাকায় মাননীয় মন্ত্রীর সফরসূচি থাকা সত্ত্বেও আপনার অনুপস্থিতির কারণে মাননীয় মন্ত্রী কর্তৃক প্রদত্ত বিভিন্ন জনগুরুত্বপূর্ণ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা গ্রহণ করতে আপনি ব্যর্থ হন। ফলে ঈদ উপলক্ষে ঘরে ফেরা মানুষের যাতায়াতের সুবিধার্থে ইতোপূর্বে উর্ধ্বতন পর্যায়ে হতে ক্ষতিগ্রস্ত মহাসড়কের যথাযথ মেরামত ও রক্ষণাবেক্ষণের যে নির্দেশনা প্রদান করা হয়, উক্ত নির্দেশনার প্রতি আপনার গাফিলতি সুস্পষ্টভাবে প্রতীয়মান। দেশের অন্যতম গুরুত্বপূর্ণ প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে আপনার এহেন আচরণ কর্তব্য কাজে অবহেলার শামিল যা অনভিপ্রেত, দুঃখজনক ও অদক্ষতার পরিচায়ক।

২। এমতাবস্থায়, মাননীয় মন্ত্রীর সফরকালীন কোন পূর্বানুমতি ব্যতীত অনুপস্থিত থাকা এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনার প্রতি অবহেলা ও স্বীয় কর্তব্য কাজে গাফিলতি প্রদর্শনের জন্য সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী কেন আপনার বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করা হবে না নির্দেশক্রমে তার কৈফিয়ত তলব করা হল এবং পত্র প্রাপ্তির ৭(সাত) কর্মদিবসের মধ্যে বিনা ব্যর্থতায় কৈফিয়তের জবাব দাখিলের জন্য অনুরোধ করা হল।


(মোহঃ লিয়াকত আলী খান)
সহকারী সচিব
ফোন : ৯৫৮৫২৫৭

ইবনে আলম হাসান
প্রকল্প পরিচালক
ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ প্রকল্প,
ঢাকা(প্রেমণে)

অনুলিপি : সদয় অবগতির জন্য :

- ১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৩। যুগ্ম-সচিব, আইসিটি ইউনিট প্রধান, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৬। অফিস কপি/মাস্টার কপি।